# দায়ূদ তাঁর খারাপ শত্রুদের ক্ষমা করেছিলেন

শিশুদের বয়স এবং প্রয়োজনের সঙ্গে মানানসই কার্যকলাপগুলো পছন্দ করুন। যে কোন ক্রমপর্যায়ে সেগুলো করুন।

**প্রার্থনা ঃ** "প্রিয় প্রভু, তুমি চাও আমারা যেন তোমার মত পবিত্র, শুদ্ধ এবং প্রেমপূর্ণ হই। পবিত্র আত্মার সাহায্য তুমি আমাদের যে রকম ব্যক্তি করতে চাও, দায়ূদের উদাহরণ থেকে আমাদের তা শিখতে সাহায্য কর। আমাদের পাপ সমূহ ক্ষমা কর এবং দায়ূদের মত আমাদের অন্যদের ক্ষমা করতে সাহায্য কর। আমেন।"



**শিক্ষাদানের জন্য প্রস্তুত হন।** প্রকাশিত বাক্য ৭ঃ৯-১৭ পদে স্বর্গের বিষয় পাট করুন যেখানে আমরা শুক্লবস্ত্র পরিধান করব।

এখানে প্রদর্শিত বস্ত্রের ছবিটি আঁকুন এবং শিশুদের ইহা নকল করতে দিন।

- বস্ত্রটি প্রদর্শন করে যে কিভাবে ঈশ্বর আমাদের তাঁর পবিত্রতার এবং প্রেমের বস্ত্র পরিধান করাতে চান।
- ঈশ্বর আমাদের শুক্লবস্ত্র দেবেন যা বোঝায় যে কিভাবে তিনি আমাদের তাঁর মত পবিত্র, শুদ্ধ এবং উত্তম করতে চান।
- দায়ূদ কিভাবে তাঁর শত্রু শৌলকে ক্ষমা করেছিলেন সেই বিষয়ে পাঠ করুন অথবা মন থেকে বলুন (১ শমূ ২৪ঃ১-২২)।
- বড় শিশুদের গল্পটি পাঠকরতে অথবা মন থেকে বলতে প্রস্তুত করুন।
- গল্পটি বলার পূর্বে শিশুদের যত্নসহকারে শুনতে এবং অবিষ্কার করতে বলুন যে দায়ূদ কত শ্রদ্ধার সঙ্গে তার শত্রুর প্রতি সাড়া দিয়েছিলেন।

শিশুদের জিজ্ঞাসা করুন ঃ

- মন্দ রাজা শৌল দায়ূদের প্রতি কি করতে চেয়েছিলেন ?
- দায়ূদ তাঁর শত্রু রাজা শৌলকে হত্যা করার কি সুযোগ পেয়েছিলেন ?
- দায়ূদ কি তাঁর শত্রুর প্রতি প্রতিশোধ গ্রহণ করেছিলেন ?
- দায়ূদ কি বল পূর্বক নিজেকে ইস্রায়েলের রাজা করার চেষ্টা করেছিলেন ?
- দায়ূদ শৌলের প্রাণ রক্ষা করার পর, শৌল দায়ূদকে কিরূপ লোক ছিলেন বলে বলেছিলেন ?
- দায়ূদকে হত্যা করতে চেষ্টা করার পর শৌল মন্দবোধ করেছিলেন কেন ?

ছোট শিশুদের **মথি ৫ঃ৪৪** পদ মুখস্থ করতে বলুন।

বড় শিশুদের **গালাতিয় ৫ঃ২২ এবং ২৩** পদ দুটি মুখস্থ করতে বলুন।

কবিতা ঃ তিনজন শিশুর প্রত্যেককে গীত ১৫ঃ১,২ এবং ৩ পদ এক একটি করে আবৃত্তি করতে বলুন।

দায়ূদ শৌলকে ক্ষমা করার গল্পটি নাটকে পরিনত করুন (১ শমূ ২৪ অধ্যায়)।

- আরাধনার সময় প্রাপ্ত বয়স্কদের কাছে উপস্থাপন করার জন্য নাটকটির মহড়া দিন।
- এই অনুশীলনের সময়টি শিশুদের জন্য শিক্ষার সময় হতে দিন।
- সম্ভব হলে দুই একজন লোককে শিশুদের সঙ্গে যোগ দিতে দিন এবং তাদের সৈন্য হিসাবে অভিনয় করতে দিন।
- শিশুরা যদি শৌল, দায়ূদ অথবা সৈন্যদের কথা কল্পনা করতে পারেন, তবে নিজের লিখিত কথার মধ্যে শিশুদের সীমাবদ্ধ করবেন না। শিশুরা শৌল এবং দায়ূদের কথাগুলো যেভাবে চিন্তা করেছে, সেইভাবে তাদের নিজের মত করে সংলাপ বলতে দিন।
- বড় শিশুদের ছোটদের প্রস্তুত করতে দিন।
- নাটকটি উপস্থাপন করার পর শিশুদের প্রাপ্তবয়স্কদের কাছে এই বিষয় প্রশ্ন জিজ্ঞাসা করতে দিন।
- বড় শিশুরা অথবা লোকেরা এই অংশগুলো অভিনয় করবেন।

**শৌল ঃ** বিশেষ বস্ত্রের মত কম্বল অথবা চাদর পড়বে।

**দায়ূদ ঃ** (একজন বড় শিশু অভিনয় করবে) কার্ড অথবা কার্ডবোর্ড দিয়ে খড়্গ তৈরী করতে হবে এবং শৌলের মত একই রঙের একখণ্ড কাপড় থাকবে। এই কাপড়ের টুকরো ততক্ষন হাতে লুকিয়ে রাখতে হবে, যতক্ষন না তুমি খড়্গ নিয়ে শৌলের বস্ত্রের টুকড়ো কাটার ভান করছ।

- **শৌলের সৈন্যগণ ঃ** ছোট শিশুরা, প্রাপ্ত বয়স্ক অথবা বড় শিশুরা সৈন্যের ভূমিকায় অভিনয় করতে পারে।
- **দায়ূদের সৈন্যগণ ঃ** ( ছোট শিশুরা ; এক প্রাপ্ত বয়স্ক অথবা বড় শিশুরা তাদের সঙ্গে যোগ দিতে পারেন।)

## নাটক

**দায়ূদ এবং তাঁর সৈন্যগণ ঃ** শৌলের কাছ থেকে লুকিয়ে থাকবে। ঘরের একদিকে চেয়াড়ের নিচে তারা গুটিসুটি মেরে বসে থাকবে, চেয়াড়গুলো ঝোপ জঙ্গলের প্রতিনিধিত্ব করবে।

**শৌল ঃ** দায়ূদ যেখানে লুকিয়ে আছেন সে দিকে আপনার সৈন্যদের পরিচালিত করুন, কিন্তু অন্যদিকে তাকিয়ে থাকতে হবে। তারপর চীৎকার করেত হবে, ''শোন, আমার সাহসী সৈন্যগণ! আমি দায়ূদকে ঘৃণা করি। লোকেরা আমার চেয়ে তার বেশী প্রশংসা করে। কিন্তু আমি রাজা! আমি রাজা শৌল! যাও, দায়ূদকে খুঁজে বের করে হত্যা কর! এখান তাকে হত্যা কর!''

**শৌলের সৈন্যগণ ঃ** শৌলকে স্যালুট জানাবেন। চীৎকার করবেন, ''হ্যাঁ, মহাশয়!'' ''আজ্ঞে, হ্যাঁ, মহামহিম।''

''আমরা তাঁকে হত্যা করব!'' ''আমার মনে হয় এই দিকে যেতে হবে। এসো!'' (দায়ূদ এবং তার সৈন্যদের কাছ থেকে তারা দূর্বার গতিতে এগিয়ে যাবে। চারিদিকে দায়ূদকে খুঁজবে। শৌল যেখানে ছিলেন সেইখানেই থেকে যাবেন।

**শৌল ঃ** বস্ত্রটি খুলে পাশে রাখবেন। বস্ত্রটার দিক থেকে অন্যদিক মুখ ঘুরিয়ে বসবেন এবং চোখ বন্ধ করবেন। আপনার মাথাটা নিচের দিকে কিছুটা ঝুলে থাকবে, যাতে মনে হয় আপনি ঘুমাচ্ছেন।

**দায়ূদের সৈনিকগণ ঃ** ''দায়ূদ, দেখুন! আপনার শত্রু রাজা শৌল বিশ্রাম করছেন।'' ''যান, তাকে হত্যা করুন,।''

**দায়ূদ ঃ** হাতে খড়্গ নিয়ে শৌলের পেছনদিকে শান্তভাবে হেঁটে যাবেন।

**দায়ূদের সৈন্যগন ঃ** ''তাকে হত্যা করুন! তাড়াতাড়ি!'' ''তিনি আপনার শত্রু।''

**দায়ূদ ঃ** ''না। আমি তাকে হত্যা করব না। তিনি ইস্রায়েলের লোকদের ওপর ঈশ্বর কর্তৃক অভিষিক্ত শাসনকর্তা।''

**দায়ূদের সৈন্যগণ ঃ** ''তাকে হত্যা করুন! এখনই!'' ''সুযোগ পেয়েছেন যখন তখন তাকে হত্যা করুন!''

**দায়ূদ ঃ** শৌলের বস্ত্র থেকে একটা টুকড়ো কাটার ভাণ করবেন। সেই টুকড়োটা তুলে ধরবেন। নিজের সৈন্যদের কাছে ফিরে যাবেন, তারপর উচ্চরবে শৌলকে ডাকবেন, ''দেখুন, আমার রাজা! আপনার কাপড়ের টুকরো আমার হাতে! আমি ইহা কেটে নিয়েছি, কিন্তু আমি আপনাকে হত্যা করিনি। দেখুন, আমি মন্দ কাজ করার বিষয় অথবা বিদ্রোহ করার বিষয় দোষী নই। আমি আপনার বিরুদ্ধে অন্যায় করিনি, কিন্তু আপনি আমাকে হত্যা করার জন্য খুঁজে বেড়াচ্ছেন।''

**শৌল ঃ** ''আরে তুমি দায়ূদ, আমার পুত্র? হায়, আমি খুব দুঃখিত।''

(চোখ মুছতে মুছতে) ''আমার থেকে তুমি অনেক ধার্মিক। আমি তোমার সঙ্গে দূর্ব্যবহার করেছি, কিন্তু তুমি আমার সঙ্গে উত্তম ব্যবহার করেছ। ঈশ্বর আমাকে তোমার হাতে অর্পন করেছিলেন, কিন্তু তুমি আমাকে হত্যা করনি। এখন আমি জানি যে তুমি নিশ্চিত রূপে ইস্রায়েলের রাজা হবে।''

অন্যদের ক্ষমা করার বিষয়ে বড় শিশুদের কবিতা এবং গান সৃষ্টি করতে দিন।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net